

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.১৯.২০২৩. ২৬৭

তারিখ: ০৬ ঈশ্বর ১৪৩০ বঙ্গাব্দ  
২০ মাঘ ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব রেবেকা সুলতানা, প্রধান শিক্ষক, শহীদ মনু সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক থাকাকালীন বিদ্যালয়ের নতুন ভবন এর ৫ম তলায় সম্পূর্ণ ফ্লোরে অবৈধভাবে বসবাসসহ তাঁর বিরুদ্ধে আনীত বিভিন্ন খাতে উত্তোলিত অর্থ থেকে ভুয়া ভাউচার দেখিয়ে অর্থ আত্মসাতের ১৯ টি অভিযোগের মধ্যে ১৮ টি অভিযোগ তদন্ত কমিটির তদন্তে প্রাথমিক সত্যতা পাওয়ার তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদচারণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৮/০৫/২০২৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাব সন্তোষজনক না হওয়ায় তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, বিস্তারিত তদন্ত শেষে গত ২৮/০৮/২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত (i) মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত রেজুলেশন গ্রহণ না করে ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণিতে (দিবা ও প্রভাতী শিফটে) অতিরিক্ত শাখা খোলা (ii) বিদ্যালয়ের নতুন ভবন এর ৫ম তলায় অবৈধভাবে বসবাস (iii) অভিভাবকদের কাছ থেকে বিদ্যালয় উন্নয়ন বাবদ টাকা গ্রহণ (iv) প্রতি বছর নভেম্বর মাসে ক্লাস বন্ধ করে ক্লাসপার্টি করতে বাধ্য করা এবং (v) বিদ্যালয়ে পিএসসি এর নিয়োগ পরীক্ষাসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার নিয়োগ পরীক্ষা হতে টাকা আত্মসাত সংক্রান্ত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব রেবেকা সুলতানা, প্রধান শিক্ষক, শহীদ মনু সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদচারণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালায় বিধি ৪(২)(ঘ) বিধি মোতাবেক তাঁকে আগামী ০১ (এক) বছরের জন্য “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” অর্থাৎ ৪র্থ গ্রেডের ৫০,০০০-৭১,২০০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ৫০,০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক “লঘুদণ্ড” প্রদান করা হলো; দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৫০,০০০-৭১,২০০/- টাকা বেতন স্কেলের (৪র্থ গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন, তবে তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(সোলেমান খান)


সচিব

তারিখ: ০৬ ঈশ্বর ১৪৩০ বঙ্গাব্দ  
২০ মাঘ ২০২৪ খ্রি.

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.১৯.২০২৩. ২৬৭/২(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রেবেকা সুলতানা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান শিক্ষক, শহীদ মনু সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৭। জনাব রেবেকা সুলতানা, প্রধান শিক্ষক, শহীদ মনু সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।

  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব